খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নির্দেশিকা: অনলাইনে চাকরির আবেদন

প্রোফাইল তৈরি থেকে আবেদন জমা ও হার্ড কপি পাঠানো পর্যন্ত ধাপে ধাপে

https://careers.kuet.ac.bd

ছবিতে লাল চিহ্ন ১ ২ ৩ দেখে সংশ্লিষ্ট নির্দেশনা পড়ুন।

এই নির্দেশিকার ছবিগুলোতে উদাহরণ হিসেবে একজন কাল্পনিক প্রার্থী (MD. RAHIM UDDIN) ও নমুনা কাগজপত্র ব্যবহার করা হয়েছে।

সূচিপত্র

1. ওয়েবসাইটে প্রবেশ করুন
2. নতুন অ্যাকাউন্ট খুলুন (নিবন্ধন)
3. মোবাইল নম্বর যাচাই করুন
4. প্রোফাইল ধাপ ১: ব্যক্তিগত তথ্য
5. প্রোফাইল ধাপ ২: শিক্ষাগত যোগ্যতা
6. প্রোফাইল ধাপ ৩: অভিজ্ঞতা
7. প্রোফাইল ধাপ ৪: ছবি ও কাগজপত্র
8. প্রোফাইল ধাপ ৫: রেফারি
9. ইমেইল যাচাই ও ড্যাশবোর্ড
10. বিজ্ঞপ্তি ও পদ নির্বাচন
11. আবেদন যাচাই করে জমা দিন
12. অনলাইনে আবেদন ফি পরিশোধ
13. ফি পরিশোধ সফল: আবেদন জমা হয়েছে
14. আবেদনের কপি, রসিদ ও কভার শিট ডাউনলোড
15. হার্ড কপি পাঠান
16. আমার আবেদন ও প্রবেশপত্র
17. সাহায্য ও গুরুত্বপূর্ণ তথ্য

শুরু করার আগে হাতের কাছে রাখুন

- সচল মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা
- সামনে থেকে তোলা রঙিন ছবি ও সাদা কাগজে স্বাক্ষরের ছবি
- জাতীয় পরিচয়পত্র (দুই পাশ) অথবা অনলাইন কপি, নাগরিকত্ব সনদ
- সব শিক্ষাগত সনদ ও নম্বরপত্র, অভিজ্ঞতার সনদ (PDF/JPG/PNG, প্রতিটি সর্বোচ্চ ১ এমবি)
- চাকরিরত হলে অনাপত্তিপত্র (NOC), কোটা থাকলে সনদ
- আবেদন ফি পরিশোধের জন্য কার্ড বা মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট

ধাপ ১ ওয়েবসাইটে প্রবেশ করুন

ব্রাউজারে **https://careers.kuet.ac.bd** ঠিকানায় যান।


১. উপরের মেনুতে **বিজ্ঞপ্তি** ও **নোটিশ**: সব নিয়োগ বিজ্ঞপ্তি এবং ডাউনলোডযোগ্য ডকুমেন্ট।

২. হোম পেজে চলমান বিজ্ঞপ্তিগুলো দেখা যায়; ক্লিক করলে বিজ্ঞপ্তির সব পদ দেখাবে।

৩. আগে থেকে অ্যাকাউন্ট থাকলে **লগইন** করুন।

৪. প্রথমবার ব্যবহারকারীরা **নিবন্ধন** বাটনে ক্লিক করুন।

৫. ভাষা পরিবর্তন (বাংলা / English)।




ধাপ ২ নতুন অ্যাকাউন্ট খুলুন (নিবন্ধন)

১ আপনার **মোবাইল নম্বর** (যেমন 017XXXXXXXX)। এই নম্বরে যাচাই কোড যাবে।

২ আপনার **ইমেইল** ঠিকানা।

৩ **পাসওয়ার্ড**: কমপক্ষে ৮ অক্ষর, অক্ষর ও সংখ্যা দুটোই থাকতে হবে; আবার লিখে নিশ্চিত করুন।

৪ **অ্যাকাউন্ট খুলুন** বাটনে ক্লিক করুন।




> **পরামর্শ:** একটি মোবাইল নম্বর ও একটি ইমেইল দিয়ে একটিই অ্যাকাউন্ট খোলা যায়। একই অ্যাকাউন্ট থেকে যেকোনো পদে আবেদন করা যাবে।

ধাপ ৩ মোবাইল নম্বর যাচাই করুন

১ মোবাইলে SMS-এ আসা **৬ সংখ্যার কোড** লিখুন।

২ **যাচাই করুন** চাপুন। সফল হলে সরাসরি প্রোফাইলের প্রথম ধাপে নিয়ে যাবে।

৩ কোড না পেলে নির্দিষ্ট সময় পর আবার কোড পাঠানো যাবে।



ধাপ ৪ প্রোফাইল ধাপ ১: ব্যক্তিগত তথ্য

সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্র অনুযায়ী তথ্য দিন। বাম পাশের মেনুতে প্রোফাইলের ৫টি ধাপ ও কত শতাংশ সম্পন্ন হয়েছে দেখা যায়।


১. **নাম**: নিজের, পিতার ও মাতার নাম। ইংরেজি নাম **বড় অক্ষরে (CAPITAL)**, বাংলা নাম ইউনিকোডে।

২. **পরিচয়**: জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর (১০, ১৩ বা ১৭ সংখ্যা), লিঙ্গ, বৈবাহিক অবস্থা, জাতীয়তা, ধর্ম।

৩. **ঠিকানা**: বর্তমান ঠিকানা দিন। স্থায়ী ঠিকানা একই হলে “স্থায়ী ঠিকানা বর্তমান ঠিকানার মতোই” টিক দিন।

৪. **অন্যান্য তথ্য**: বিশেষ কোটা (সনদ লাগবে), বর্তমানে চাকরিরত হলে টিক (অনাপত্তিপত্র লাগবে), কুয়েটের বর্তমান কর্মকর্তা/কর্মচারী হলে টিক।

৫. **সংরক্ষণ করে পরবর্তী ধাপে যান** চাপুন।



ধাপ ৫ প্রোফাইল ধাপ ২: শিক্ষাগত যোগ্যতা

যোগ্যতা যোগ করুন চেপে প্রতিটি যোগ্যতা (এসএসসি, এইচএসসি, স্নাতক, স্নাতকোত্তর ...) আলাদা করে যোগ করুন।


১. পর্যায়, ডিগ্রি/পরীক্ষার নাম, বিভাগ/বিষয় ও পাসের বছর।

২. ফলাফলের ধরন (জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেণী)। জিপিএ বা সিজিপিএ হলে **স্কেল (৪ অথবা ৫)** ও প্রাপ্ত ফলাফল অবশ্যই দিন।

৩. বোর্ড অথবা বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠানের নাম। স্নাতক/স্নাতকোত্তরে কোর্সের মেয়াদ (বছর) দিন।

৪. এই যোগ্যতার **সনদপত্র** (এবং থাকলে নম্বরপত্র) আপলোড করুন: PDF, JPG বা PNG, সর্বোচ্চ ১ এমবি।

৫. **যোগ করুন** চাপুন (আগের তথ্য পরিবর্তন করলে বাটনে লেখা থাকে **হালনাগাদ করুন**)।




- যোগ করা প্রতিটি যোগ্যতা এভাবে তালিকায় দেখাবে।

১ **উচ্চতর ডিগ্রি আগে** রাখুন; ↑ ↓ বাটনে ক্রম বদলান।

২ সম্পাদনা (✎) বা মুছে ফেলা (🗑)।

৩ আরেকটি যোগ্যতা যোগ করুন।

৪ সব যোগ্যতা দেওয়া হলে **পরবর্তী ধাপ** এ যান।



লক্ষ্য করুন: এখানে দেওয়া তথ্যের ভিত্তিতে আপনার আবেদন যাচাই করা হবে। সার্টিফিকেট অনুযায়ী সঠিক তথ্য দিন।

ধাপ ৬ প্রোফাইল ধাপ ৩: অভিজ্ঞতা


চাকরির অভিজ্ঞতা না থাকলে **“আমার কোনো চাকরির অভিজ্ঞতা নেই”** চেপে পরবর্তী ধাপে যান।

১. প্রতিষ্ঠানের নাম ও ধরন (সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি ...)।

২. পদবি ও গ্রেড।

৩. যোগদানের ও শেষ তারিখ। বর্তমানে কর্মরত হলে “বর্তমানে এই পদে কর্মরত” টিক দিন। মোট সময় নিজে থেকে হিসাব হয়।

৪. **যোগ করুন** চাপুন।




- যোগ করা অভিজ্ঞতা ও মোট সময়।

১ আরও অভিজ্ঞতা থাকলে যোগ করুন।

২ প্রাসঙ্গিক প্রশিক্ষণ (ঐচ্ছিক)।

৩ প্রকাশনা, লাইসেন্স/নিবন্ধন ইত্যাদি প্রযোজ্য হলে যোগ করুন (ঐচ্ছিক)।




পরামর্শ: সরকারি / আধা-সরকারি / স্বায়ত্তশাসিত অভিজ্ঞতা পূর্ণ গণ্য হয়; সরকার অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অর্ধেক; এমপিওভুক্ত প্রতিষ্ঠানের অভিজ্ঞতা গণ্য হয় না।

ধাপ ৭ প্রোফাইল ধাপ ৪: ছবি ও কাগজপত্র

তারকা (*) চিহ্নিত কাগজপত্র আবশ্যক। প্রতিটি ফাইল আপলোডের পর স্বয়ংক্রিয়ভাবে যাচাই হয়; “ঠিক আছে” না দেখালে বার্তা অনুযায়ী ফাইলটি পরিবর্তন করুন।


১. **ছবি**: JPG/PNG, সর্বোচ্চ ১ এমবি। সামনে থেকে তোলা স্পষ্ট রঙিন ছবি।
২. **স্বাক্ষর**: সাদা কাগজে করা স্বাক্ষরের ছবি।
৩. **জাতীয় পরিচয়পত্র**: কার্ডের দুই পাশ অথবা অনলাইন কপি।
৪. **নাগরিকত্ব সনদ**।
৫. **অন্যান্য কাগজপত্র** (প্রযোজ্য হলে): অনাপত্তিপত্র (NOC), কোটা সনদ, অভিজ্ঞতার সনদ ইত্যাদি; ধরন নির্বাচন করে **ফাইল যোগ করুন**।



১ ছবি/স্বাক্ষর আপলোডের পর ফ্রেমের ভেতরে টেনে সাজান।

২ প্রয়োজনে জুম করুন।

৩ **এটি ব্যবহার করুন** চাপুন। ছবি নিজে থেকেই ৩০০×৩০০ পিক্সেল এবং স্বাক্ষর ৩০০×৮০ পিক্সেল হবে।




১. কার্ডের **সামনের পাশ** (যে পাশে ছবি আছে)।

২. কার্ডের **পেছনের পাশ** (যে পাশে বারকোড আছে)।

৩. শুধু নির্বাচন কমিশনের অনলাইন কপি (PDF) থাকলে এখান থেকে সেটিই আপলোড করুন।

৪. **সংরক্ষণ করুন** চাপুন।



ধাপ ৮ প্রোফাইল ধাপ ৫: রেফারি


আত্মীয় নন এমন ২ জন ১ম শ্রেণীর শিক্ষক/কর্মকর্তা, যারা ব্যক্তিগতভাবে আপনাকে চেনেন।

১. **রেফারি ১**: নাম, পদবি ও প্রতিষ্ঠান, মোবাইল, ইমেইল, ঠিকানা।

২. **রেফারি ২**: একইভাবে।

৩. **সংরক্ষণ করুন** চাপুন। এরপর প্রোফাইল ১০০% সম্পন্ন হবে।


৪. এবার **পদে আবেদন** করতে যান।



ধাপ ৯ ইমেইল যাচাই ও ড্যাশবোর্ড

- আবেদনের আগে ইমেইল যাচাই বাধ্যতামূলক; পেমেন্ট রসিদ ও প্রবেশপত্র এই ইমেইলে পাঠানো হবে।


১ **যাচাই কোড পাঠান** চাপুন, ইমেইলে আসা কোড লিখে **যাচাই করুন**।



- প্রোফাইলের কোন ধাপ সম্পন্ন, কোনটি বাকি।

১ **আমার আবেদন**: আপনার সব আবেদন।

২ **চলমান বিজ্ঞপ্তি**: যেগুলোতে এখন আবেদন করা যায়।




ধাপ ১০ বিজ্ঞপ্তি ও পদ নির্বাচন

১ উপরের মেনু থেকে **বিজ্ঞপ্তি** এ যান।

২ **শিক্ষক / কর্মকর্তা / কর্মচারী** বাটনে চাপ দিলে শুধু সেই ধরনের পদ থাকা বিজ্ঞপ্তি দেখাবে।

- বিজ্ঞপ্তির নাম ও বন্ধনীতে বিজ্ঞপ্তি স্মারক নং।

৩ **সব পদ দেখুন** চেপে বিজ্ঞপ্তির সব পদ দেখুন।




- **বিজ্ঞপ্তি স্মারক নং:** আবেদনের আগে মিলিয়ে নিন।
- আবেদন শুরু ও শেষ সময়, ফি জমার শেষ সময়, বয়স গণনার তারিখ।

১ **অফিসিয়াল বিজ্ঞপ্তি ডাউনলোড করুন**।


২ পদের নাম লিখে খুঁজুন অথবা পদের ধরন বেছে নিন।

৩ পদের কার্ডে ক্লিক করে বিস্তারিত দেখুন।



- পদের ধরন, বিজ্ঞপ্তি স্মারক নং ও পদের **ক্রমিক নং**।
- দপ্তর/বিভাগ, বেতন স্কেল, শূন্য পদ, আবেদন ফি, চাকরির ধরন ও শেষ সময়। নিচে বিস্তারিত যোগ্যতা ও শর্তাবলি এবং **অফিসিয়াল যোগ্যতার ডকুমেন্ট** ডাউনলোড।

১ যোগ্য হলে **আবেদন করুন** বাটনে ক্লিক করুন।




> **লক্ষ্য করুন:** একই নামের পদ একাধিক বিজ্ঞপ্তিতে থাকতে পারে। আবেদনের আগে বিজ্ঞপ্তি স্মারক নং ও পদের ক্রমিক নং মিলিয়ে নিন।

ধাপ ১১ আবেদন যাচাই করে জমা দিন

১ কোনো তথ্য ভুল থাকলে **প্রোফাইল সম্পাদনা** চেপে ঠিক করুন।


- আপনার প্রোফাইল থেকে তৈরি **আবেদন ফরম**; ঠিক এই তথ্যগুলোই জমা হবে।



- আবেদনের সাথে যে ফাইলগুলো যুক্ত হবে।

১ **অঙ্গীকারনামায়** টিক দিন।

২ **“৳… ফি দিয়ে আবেদন জমা দিন”** চাপুন; পেমেন্ট পেজে নিয়ে যাবে।




লক্ষ্য করুন: ফি পরিশোধ না করা পর্যন্ত আবেদন জমা হয় না। ফি দেওয়ার পর আবেদনের তথ্য আর পরিবর্তন করা যায় না।

ধাপ ১২ অনলাইনে আবেদন ফি পরিশোধ

১ পরিশোধের মাধ্যম বেছে নিন: **কার্ড**, **মোবাইল ব্যাংকিং** বা **নেট ব্যাংকিং**।


২ কার্ড হলে কার্ড নম্বর, মেয়াদ (MM/YY), CVC ও কার্ডধারীর নাম দিন।

৩ **PAY** বাটনে চাপুন এবং ব্যাংকের OTP দিয়ে নিশ্চিত করুন।



১ **MOBILE BANKING** ট্যাব।

২ বিকাশ, নগদ, রকেট ইত্যাদি থেকে আপনার মাধ্যম বেছে নিয়ে নির্দেশনা অনুসরণ করুন।




পরামর্শ: পেমেন্ট চলাকালীন ব্রাউজারের Back বা Refresh চাপবেন না। পেমেন্ট ব্যর্থ হলে **আমার আবেদন** থেকে সেই আবেদন খুলে ফি পরিশোধের শেষ সময়ের আগে আবার পরিশোধ করতে পারবেন।

ধাপ ১৩ ফি পরিশোধ সফল: আবেদন জমা হয়েছে

- “ফি পরিশোধ সফল হয়েছে। আপনার আবেদন জমা হয়েছে।” বার্তা ও ট্রানজেকশন আইডি। মোবাইলে SMS ও ইমেইলে নিশ্চিতকরণ যাবে।

১ **আবেদন দেখুন** চেপে আবেদনের পেজে যান।




ধাপ ১৪ আবেদনের কপি, রসিদ ও কভার শিট ডাউনলোড

- **আবেদন নং**: পরবর্তী যোগাযোগে এটি ব্যবহার করুন।
- আবেদনের অবস্থা: **জমা হয়েছে**।
- ধাপসমূহ: ফরম পূরণ, ফি পরিশোধ ও আবেদন জমা, প্রবেশপত্র।
- **হার্ড কপি পাঠান**: কী কী, কত সেট, কবে ও কোথায় পাঠাতে হবে।

১ খামের জন্য **কভার শিট** ডাউনলোড করুন।

২ **আবেদনের কপি**, **ফি পরিশোধের রসিদ**, **আবেদন + রসিদ একসাথে** এবং **সম্পূর্ণ আবেদন (সংযুক্তিসহ)** PDF।



ফি পরিশোধের রসিদ

- ট্রানজেকশন আইডি ও টাকার পরিমাণ।
- “PAID” সিল: ফি পরিশোধিত।
- আবেদন নং।

KHULNA UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY
Khulna-9203

Payment Receipt for the Post of: কম্পিউটার অপারেটর, রেজিস্ট্রার দপ্তর

Name	:	MD. RAHIM UDDIN
Email	:	rahim.demo@example.com
Mobile	:	01799000111
Address	:	House 12, Road 3, Fulbarigate, P.O. KUET, Khulna
Transaction ID	:	KRECMVSSV1LGDBO23O
Amount	:	500
Transaction Date	:	2026-10-29 06:23:52
Circular ID	:	LOCAL-TEST-COMP-OP-2026

PAID
KUET

Application ID: **KUET-2026-0015-000003**

কভার শিট (খামের উপর লাগান)

- পদের ক্রমিক নং, পদের নাম, বিজ্ঞপ্তি, আবেদন নং ও আপনার নাম।
- কী কী পাঠাতে হবে, পৌঁছানোর শেষ সময় ও ঠিকানা।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Khulna University of Engineering & Technology
Khulna-9203, Bangladesh

হার্ড কপি কভার শিট / Hard-copy cover sheet

খামের উপর লিখুন / Write on the envelope

পদের ক্রমিক নং / Post serial: **1**

পদের নাম / Post: **কম্পিউটার অপারেটর / Computer Operator**

বিজ্ঞপ্তি / Circular: LOCAL-TEST-COMP-OP-2026 · আবেদন নং / Application no.: **KUET-2026-0015-000003**

মোঃ রহিম উদ্দিন / MD. RAHIM UDDIN · +8801799000111

পাঠাতে হবে / Send

প্রিন্ট করা আবেদন ফরম / Printed application sets	**1**
সত্যায়িত পাসপোর্ট সাইজ রঙিন ছবি / Attested passport-size colour photos	**2**
সত্যায়িত কাগজপত্র / Attested documents	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র / Education and experience certificates, citizenship certificate, NID
পৌঁছানোর শেষ সময় / Must reach by	**24 Nov 2026**
ঠিকানা / Address	রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩ Registrar, Khulna University of Engineering & Technology, Khulna-9203

ডাকযোগে বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী নয়। / The authority is not responsible for postal delay.


ধাপ ১৫ হার্ড কপি পাঠান

আবেদনের কপি (প্রথম পাতা)

- আবেদনের পেজের **হার্ড কপি পাঠান** অংশে লেখা অনুযায়ী মুদ্রিত আবেদন ফরম, সত্যায়িত ছবি ও সনদপত্রের সত্যায়িত কপি নির্দিষ্ট সংখ্যক সেটে পাঠান।
- **কভার শিট** প্রিন্ট করে খামের উপর লাগান, অথবা খামের উপর পদের ক্রমিক নং, পদের নাম ও আবেদন নং লিখুন।
- নির্ধারিত শেষ সময়ের মধ্যে ডাকযোগে বা সরাসরি **রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৩** ঠিকানায় পৌঁছাতে হবে। ডাকযোগে বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী নয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।



চাকুরীর জন্য আবেদন পত্র।

(কর্মকর্তা/কর্মচারী পদের জন্য)

পদের নামঃ কম্পিউটার অপারেটর, রেজিস্ট্রার দপ্তর

১।	আবেদনকারীর নাম (বাংলায়)	:	মোঃ রহিম উদ্দিন
	(ইংরেজীতে, CAPITAL LETTER)	:	MD. RAHIM UDDIN
২।	পিতার নাম (বাংলা)	:	মোঃ করিম উদ্দিন
	(ইংরেজি)	:	MD. KARIM UDDIN
৩।	মাতার নাম (বাংলা)	:	মোছাঃ রোকেয়া বেগম
	(ইংরেজি)	:	MST. ROKEYA BEGUM
৪।	জন্ম তারিখ	:	15 | 05 | 1994
	বর্তমান বয়স	:	32 বছর 05 মাস 10 দিন (2026-10-25 তারিখে)
৫।	জাতীয়তা	:	বাংলাদেশী
৬।	জাতীয় পরিচয়পত্র নম্বর	:	1990000000000
৭।	বৈবাহিক অবস্থা	:	অবিবাহিত
৮।	লিংগ	:	পুরুষ
৯।	ধর্ম	:	ইসলাম
১০।	স্থায়ী ঠিকানা	:	House 12, Road 3, Fulbarigate, P.O. KUET, Khan Jahan Ali, খুলনা, 9203
১১।	বর্তমান ঠিকানা (মোবাইল নং সহ)	:	House 12, Road 3, Fulbarigate, P.O. KUET, Khan Jahan Ali, খুলনা, 9203 মোবাইল নং: +8801799000111, ইমেইল: rahim.demo@example.com
১২।	বিশেষ গুণাবলী (মুক্তিযোদ্ধার সন্তান/অন্যান্য)	:	প্রযোজ্য নয়


১৩। শিক্ষাগত যোগ্যতাঃ

ধাপ ১৬ আমার আবেদন ও প্রবেশপত্র

১ **আমার আবেদন** মেনু।

- পদের নাম, বিজ্ঞপ্তি ও আবেদন নং।
- আবেদনের অবস্থা।

২ এখান থেকেও আবেদনের কপি, রসিদ ও সম্পূর্ণ আবেদন ডাউনলোড করা যায়। প্রবেশপত্র প্রকাশিত হলে SMS/ইমেইলে জানানো হবে এবং এখান থেকে ডাউনলোড করা যাবে।



ধাপ ১৭ সাহায্য ও গুরুত্বপূর্ণ তথ্য

- **পাসওয়ার্ড ভুলে গেলে:** লগইন পেজে “পাসওয়ার্ড ভুলে গেছেন?” চেপে মোবাইলে আসা কোড দিয়ে নতুন পাসওয়ার্ড দিন।
- **ফি পরিশোধ:** ফি পরিশোধ না হলে আবেদন জমা হয় না। ফি পরিশোধের শেষ সময়ের পর আর পরিশোধ করা যাবে না।
- **তথ্য সংশোধন:** ফি দেওয়ার আগে আবেদন প্রত্যাহার করে প্রোফাইল ঠিক করে আবার আবেদন করা যায়। ফি দেওয়ার পর আবেদন পরিবর্তন করা যায় না।
- **নোটিশ:** উপরের মেনুর **নোটিশ** পেজ থেকে প্রতিটি বিজ্ঞপ্তির অফিসিয়াল বিজ্ঞপ্তি ও যোগ্যতার ডকুমেন্ট ডাউনলোড করা যায়।
- **মোবাইল থেকেও** পুরো প্রক্রিয়া সম্পন্ন করা যায়; তবে ফাইল আপলোড ও প্রিন্টের জন্য কম্পিউটার সুবিধাজনক।
- সব তথ্য সত্য ও সঠিক দিন। কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে আবেদন বা নিয়োগ বাতিল হতে পারে।